দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB 17 1999
পৃষ্ঠা ১২ কলাম ৫

121

# জাবি শিক্ষক সমিতি নির্বাচন উপাচার্য সমর্থিত প্যানেল ১০ জাতীয়তাবাদী প্যানেলের ৫টি পদ লাভ

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে উপাচার্য সমর্থিত প্যানেল নয়টি এবং জাতীয়তাবাদী গণতান্ত্রিক শিক্ষক পরিষদ প্যানেল চারটি পদ পেয়েছে। দু'টি পদে সমঝোতার ভিত্তিতে ২ জন প্রার্থী নির্বাচিত হয়েছেন। এর মধ্যে উপাচার্য সমর্থিত প্যানেল থেকে সাধারণ সম্পাদক এবং জাতীয়তাবাদী প্যানেল থেকে কোষাধ্যক্ষ পদের প্রার্থী নির্বাচিত হন।

মঙ্গলবারের ভোটে সভাপতি পদে জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক শিক্ষক পরিষদের অধ্যাপক আবু সাঈদ খান নির্বাচিত হয়েছেন। তিনি পেয়েছেন ১২২ ভোট। সহ-সভাপতি পদে উপাচার্য সমর্থিত প্যানেলের অধ্যাপক নুরুল

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(১২-এর পাতার পর)

## জাবি শিক্ষক

আলম নির্বাচিত হয়েছেন। তিনি পেয়েছেন ১২৫ ভোট। যুগ্ম সম্পাদক পদে উপাচার্য সমর্থিত প্যানেলের ফরিদ আহমেদ ১২৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। সদস্য পদে উপাচার্য সমর্থিত প্যানেলের প্রার্থীরা হচ্ছেন ড. খন্দকার মুস্তাহিদুর রহমান, নাইমুল ইসলাম, অধ্যাপক এনামুল হক খান, ড. সাদিয়া আহমেদ, অধ্যাপক আবুল হোসেন, মোঃ আলী আকন্দ এবং আব্দুল মান্নান চৌধুরী। জাতীয়তাবাদী গণতান্ত্রিক শিক্ষক পরিষদ প্যানেলের নির্বাচিত সদস্যরা হচ্ছেন অধ্যাপক আমিন মুহাম্মদ আলী, ড. মোঃ রফিকুজ্জামান এবং অধ্যাপক মজিবর রহমান। নির্বাচনে ২৪৪ জন শিক্ষক ভোট দেন। মোট ভোটার সংখ্যা ছিল ২৮০।